বাহিনী এগিয়ে আসছে ব্রাহ্মণবাড়িয়ার দিকে। তাদের ঠেকানোর জন্য মোস্তফা কামালসহ মুক্তিযোদ্ধারা অবস্থান নিয়েছে দরুইন গ্রামে।
ক. মুক্তিবাহিনীর কমান্ডার কে?
খ. বুধার মাটি কাটার দলে যোগদানের কারণ কী? ব্যাখ্যা করো।
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা বর্ণনা করো।
ঘ . উদ্দীপকের মোস্তফা কামালকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার চরিত্রের সার্থক প্রতিনিধি বলা যায় কি? তোমার স্বপক্ষে যুক্তি দাও।

৯. তুমি রক্ত-আগুন, বুলেট-বোমা
আর্তনাদ পেরিয়ে পাওয়া 'স্বাধীনতা'।
'তুমি আমার লক্ষভাইয়ের রক্তের লাল বৃন্ত'।
সবুজ শাড়ির ঠিক মাঝখানে রক্তের পূর্ণ চাঁদ।
তুমি আমার গর্জে ওঠা সোনালি সকাল-

ক. বুধা দুঃখকে কী ভাবে?
খ. 'আমরা তিনজন নই, একজন' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো।
গ. উদ্দীপকের প্রথমাংশে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো।
ঘ. উদ্দীপকের শেষ দুই চরণের চেতনা বাস্তবায়নে 'কাকতাড়ুয়া' উপন্যাস বুধার অবদান বিশ্লেষণ করো।

**ঘ বিভাগ – নাটক**

১০. জামাল সাহেব একজন নামকরা পির। দেশের সারা অঞ্চলে তার মুরিদ আছে। পানি পাড়া, তাবিজ দেওয়া, জিনের মাধ্যমে চিকিৎসা করেন তিনি। এভাবেই মুরিদদের কাছ থেকে অর্থকড়ি আয় করেন। পিরের একমাত্র ছেলে আরিফ এসব পছন্দ করে না। ও সে চায় লেখাপড়া করে ডাক্তার হবে। মানুষের চিকিৎসাসহ নানারকম সেবা করবে।
পরিবারের সবাই চায় আরিফ তার বাবার পেশা চালিয়ে যাক।
ক. কোন আইনে হাতেম আলির জমিদারি নিলামে উঠেছে?
খ. 'বিয়ে হলো তকদিরের কথা' – ব্যাখ্যা করো।
গ. উদ্দীপকে জামালের সাথে 'বহিপীর' নাটকের যে চরিত্রের সাথে মিল আছে তা বর্ণনা করো।
ঘ. "বর্ণনায় বৈচিত্র্য থাকলেও উদ্দীপকের আরিফ এবং 'বহিপীর' নাটকের হাশেম উভয়ের ভাবনা একই ধারায় উৎসারিত।" উক্তিটির যৌক্তিকতা দেখাও।

১১. শরীফ সাহেবের স্ত্রীর মৃত্যুর পর নিঃসকা জীবনযাপন ক্যাছেন, তিনি নিয়মিত ৩. নামাজ রোজাসহ দীর্ঘদিন মসজিদ ও এতিমখানায় সাহায্য করে আসছেন। প্রয়োজনে প্র. অসহায় মানুষের পাশে দাঁড়ান। শরীফ সাহেবের কার্যকলাপ দেখে মুগ্ধ হয়ে পিতৃহীন ৪ বালিকা রেশমা তাকে স্বেচ্ছায় বিয়ে করে সুখী হতে চায়।
ক. সূর্যাস্ত আইন কত সালে প্রণীত হ্যা?
খ. 'শাবাশ মেয়ে তুমি'- তাহেরাকে এ কথা বলার কারণ কী?
গ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের মূল বিষয়গুস্থকে ধারণ করে কি? যুক্তিসহ উপস্থাপন করো।
ঘ. "বহিপীর' নাটকের বহিপীরের মানসিকতা উদ্দীপকের শরীফ সাহেবের মতো হলে নাটকের পরিণতি ভিন্ন হতো।" মন্তব্যটি বিশ্লেষণ করো।

proshnobd.com

